# হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ যুক্তরাষ্ট্রের হাতে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে চলমান উত্তেজনার মধ্যেই হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ যুক্তরাষ্ট্রের হাতে রয়েছে বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একই সঙ্গে তেহরানের প্রতি নিজের আস্থাহীনতার কথাও জানিয়েছেন তিনি।

মঙ্গলবার জয়েন্ট বেস অ্যান্ড্রুজে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ট্রাম্প বলেন, ইরান পরিস্থিতি ভালোভাবেই এগোচ্ছে। হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণ রয়েছে বলেও দাবি করেন তিনি। তবে ইরানের সঙ্গে বিশ্বাসের সম্পর্ক তৈরি হয়নি বলে মন্তব্য করেন মার্কিন প্রেসিডেন্ট।

এদিকে ইরানের বন্দরমুখী একটি বাণিজ্যিক জাহাজে হামলার কথা জানিয়েছে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড। তাদের দাবি, পানামার পতাকাবাহী 'ভেলা নোভা' নামের জাহাজটি ওমান উপসাগর দিয়ে ইরানের একটি বন্দরের দিকে যাচ্ছিল এবং মার্কিন নৌ অবরোধ অমান্যের চেষ্টা করছিল। সতর্কবার্তায় সাড়া না দেওয়ার পর মার্কিন নৌবাহিনীর একটি হেলিকপ্টার জাহাজটির ইঞ্জিন কক্ষ লক্ষ্য করে দুটি ক্ষেপণাস্ত্র ছোড়ে। এতে জাহাজটির স্টিয়ারিং ব্যবস্থা অচল হয়ে যায়। তবে কোনো নাবিক আহত হয়েছেন কি না, তা জানানো হয়নি।

সেন্টকম আরও দাবি করেছে, ইরানের বন্দর ঘিরে অবরোধ কার্যকর করার সময় এ পর্যন্ত ৫৫টি বাণিজ্যিক জাহাজ অচল করা হয়েছে। একই সময়ে আরও কয়েকটি জাহাজে অভিযান ও তল্লাশি চালানো হয়েছে বলে জানিয়েছে তারা।

অন্যদিকে হরমুজ প্রণালি নিয়ে ইরানও নিজেদের অবস্থান কঠোর রেখেছে। তেহরান জানিয়েছে, যুক্তরাষ্ট্র তাদের নীতি পরিবর্তন করে ইরানের শর্ত মেনে না নেওয়া পর্যন্ত প্রণালিটি পুনরায় স্বাভাবিকভাবে খুলে দেওয়ার বিষয়ে তারা এগোবে না। একই সময়ে ওমানের সঙ্গে নৌ চলাচলের পথ নির্ধারণ নিয়ে আলোচনা চালিয়ে যাচ্ছে ইরান।

এদিকে ইরান-যুক্তরাষ্ট্র সংঘাত কমাতে কূটনৈতিক তৎপরতা অব্যাহত রয়েছে। পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মোহসিন নাকভি মঙ্গলবার তেহরানে পৌঁছে ইরানি কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন। একই সময়ে বাব আল-মান্দেব প্রণালিতে হুতিদের হামলাও আঞ্চলিক সামুদ্রিক নিরাপত্তা পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে।